৩২

দৈনিক খবর

তারিখ 06 MAR 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

# শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত আহবান

ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত হতে বেতন প্রাপ্ত সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর নন গেজেটেড সরকারী কর্মচারীদের কাছ থেকে তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হয়েছে। কন্টিনজেন্সী, ওয়ার্কচার্জড কর্মচারী যারা একনাগারেড় ৫ বছর বা তদূর্ধ্বকাল চাকরিতে নিয়োজিত আছেন তারাও তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। উপরোক্ত শ্রেণীর কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ (দুই) জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। তবে তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে কমপক্ষে ৪০ নম্বর থাকতে হবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের ওপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৫ই এপ্রিল, ১৯৯৩ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতরের সংশ্লিষ্ট অফিসে পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র বিবেচনা করা হবে না। পরীক্ষার ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে তার ফটোকপি কিংবা অন্য কোনরূপ অনুলিপি প্রদান করা হলে তা অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে, অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না।

নির্ধারিত নতুন ফরম সংগ্রহ করে যাতে কর্মচারীগণ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে পারেন সেদিকে লক্ষ্য রেখে পরিদফতরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ ছাড়াও প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পুরাতন ফরমে আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। কর্মচারীগণ স্ব স্ব অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করে পরিদফতরের নিম্নোক্ত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস থেকে ব্যক্তিগতভাবে কিংবা ডাকযোগে টাঃ ৪·০০ (চার) টাকার ডাক টিকিট যুক্ত ঠিকানা সম্বলিত ১০´´ x ৫´´ সাইজের খাম প্রেরণ পূর্বক উক্ত ফরম সংগ্রহ করতে পারবেন- পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০, উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় অফিস, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০, উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় অফিস, সরকারী অফিস ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম, উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় অফিস, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বয়রা, খুলনা, উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় অফিস, রাজশাহী এবং উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় কার্যালয়, সদর হাসপাতাল ভবন, বরিশাল। তথ্যবিবরণী।